

## **া** সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৬৩৮

১৫/ রক্তপণ (کتاب الدیات)

পরিচ্ছেদঃ ১৫/১০. জখমকারী কিসাসের পরিবর্তে ফিদ্য়া দিলে

# بَابِ الْجَارِحِ يُفْتَدَى بِالْقَوَدِ

#### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا عَبْدُ الرَّزَاقِ، أَنْبَأَنَا مَعْمَرْ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عُرْوَةَ، عَنْ عَائِشَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم بَعَثَ أَبَا جَهْمِ بْنَ حُذَيْفَةَ مُصدَدِّقًا فَلاَجَّهُ رَجُلٌ فِي صَدَقَتِهِ فَضَرَبَهُ أَبُو جَهْمٍ فَشَجَّهُ فَأَتُوا النَّبِيُّ صلى الله عليه وسلم فَقَالُوا الْقَوَدَ يَا رَسُولَ اللَّهِ. فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم الكُمْ كَذَا وَكَذَا الله عَلَيه وسلم الله عليه وسلم إلِّتي خَاطِبٌ عَلَى النَّاسِ لَكُمْ كَذَا وَكَذَا الله عَلَى النَّاسِ وَمُخْبِرُهُمْ بِرِضَاكُمْ الله عَلَى النَّاسِ وَمُخْبِرُهُمْ بِرِضَاكُمْ الله عَلَى النَّاسِ وَمُخْبِرُهُمْ بَرِضَاكُمْ الله عَلَى الله عليه وسلم أَنْ يَكُفُوا فَكُوا ثُمَّ دَعَاهُمْ فَزَادَهُمْ فَقَالَ الله عليه وسلم أَنْ يَكُفُوا فَكُوا ثُمَّ دَعَاهُمْ فَزَادَهُمْ فَقَالَ الله عليه وسلم أَنْ يَكُفُوا فَكُوا ثُمَّ دَعَاهُمْ فَزَادَهُمْ فَقَالَ الله الله عليه وسلم أَنْ يَكُفُوا فَكُوا ثُمَّ دَعَاهُمْ فَزَادَهُمْ فَقَالَ الله عَلَيه وسلم أَنْ يَكُفُوا فَكُوا ثُمَّ دَعَاهُمْ فَزَادَهُمْ فَقَالَ الله عَلَيه وسلم أَنْ يَكُفُوا فَكُوا ثُمَّ دَعَاهُمْ فَزَادَهُمْ فَقَالَ اللهُ عَلَى النَّاسِ وَمُخْبِرُهُمْ بِرِضَاكُمْ الله عَليه وسلم أَنْ يَكُفُوا فَكُوا نَعَمْ وَاللهُمْ وَلَا اللهُ عَلَى النَّاسِ وَمُخْبِرُهُمْ بِرِضَاكُمْ الله عَليه وسلم ثُمَّ قَالَ الله عَليه وسلم ثُمَّ قَالَ اللهُ عَلَى النَّاسِ وَمُخْبِرُهُمْ بِرِضَاكُمْ اللهُ عَليه وسلم ثُمَّ قَالَ اللهُ عَلَى النَّاسِ وَمُخْبِرُهُمْ بَرِضَاكُمْ اللهُ عَلَى النَّاسِ وَمُخْبِرُهُمْ مُولَ لَا أَعْمَى وَاللهُ عَيْدُهُ مَوْدَلُوا نَعَمْ . قَالَ ابْنُ مَاجَهُ سَمَعْتُ مُحَمِّدَ مُحَمَّدَ بُنَ يَحْيَى يَقُولُ تَقَرَّدُ بِهَذَا مَعْمَرٌ لاَ أَعْلَمُ رَوَاهُ غَيْرُهُ .

#### বাংলা

১/২৬৩৮। আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবূ জাহম ইবনে হুযায়ফা (রাঃ) কে যাকাত আদায়কারী নিয়োগ করে পাঠান। এক ব্যক্তি তার যাকাতের ব্যাপারে তার সাথে বিবাদে লিপ্ত হয়। আবূ জাহম (রাঃ) তাকে আঘাত করলে তার মাথা ফেটে যায়। সেই গোত্রের লোকজন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললো, ইয়া রাসূলাল্লাহ! আমরা কিসাস দাবি করছি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমরা এতো এতো পরিমাণ মাল পাবে। কিন্তু তারা তাতে রাজী হলো না। তিনি বলেনঃ তোমরা এতো এতো পরিমাণ মাল পাবে। এবার তারা রায়ী হয়ে গেলো। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আমি কি লোকেদের উদ্দেশ্যে ভাষণ দিয়ে তোমাদের রায়ী হওয়ার বিষয়টি জানিয়ে দিবো?



তারা বললো, হ্যাঁ।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভাষণ দেন এবং বলেনঃ এই লাইস গোত্রের লোকজন আমার নিকট কিসাসের দাবি নিয়ে এসেছে। আমি তাদেরকে এতো এতো পরিমাণ মাল প্রদানের প্রস্তাব করে জিজ্ঞেস করলামঃ তোমরা কি সম্মত হলে? তারা বললো, না। এতে মুহাজিরগণ ক্ষিপ্ত হয়ে তাদেরকে শাস্তি দিতে উত্যত হলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে বিরত হতে নির্দেশ দিলে তারা বিরত হন। তিনি মালের পরিমাণ আরো বাড়িয়ে তাদেরকে পুনরায় প্রস্তাব দিয়ে বলেনঃ তোমরা কি সম্মত হলে? তারা বললো, হাাঁ।

তিনি বলেনঃ আমি কি লোকেদের উদ্দেশে ভাষণ দিয়ে তাদেরকে তোমাদের সম্মত হওয়ার বিষয়টি জানিয়ে দিবো? তারা বললো, হ্যাঁ। অতএব নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভাষণ দিলেন, অতঃপর জিজ্ঞেস করলেনঃ তোমরা কি সম্মত হয়েছো? তারা বললো, হ্যাঁ। ইমাম ইবনে মাজা (রহঃ) বলেন, আমি মুহাম্মাদ ইবনে ইয়াহইয়া (রহঃ)-কে বলতে শুনেছি, এ হাদীসটি বর্ণনার ক্ষেত্রে মা'মার নিঃসঙ্গ। তিনি ছাড়া অপর কেউ এটি রিওয়ায়াত করেছেন কিনা তা আমার জানা নেই।

#### **English**

It was narrated from 'Aishah that:

the Messenger of Allah (﴿) sent Abu Jahm bin Hudhaifah to collect Sadaqah. A man disputed with him concerning his Sadaqah, and Abu Jahm struck him and wounded his head. They came to Prophet (﴿) and said: "Compensatory money, O Messenger of Allah (﴿)!" The Prophet (﴿) said: "You will have such and such," but they did not accept that. He said: "You will have such and such," and they agreed. Then the Prophet (﴿) said: "I am going to address the people and tell them that you agreed." They said: "Yes." So the Prophet (﴿) addressed (the people) and said: "These people of Laith came to me seeking compensatory money, and I have offered them such and such. Do you agree?" They said: "No." The Emigrants wanted to attack them, but the Prophet (﴿) told them not to, so they refrained. Then he called them and offered them more and said: "Do you agree?" They said: "Yes." He said: "I am going to address the people and tell them that you agreed." They said: "Yes." So the Prophet (﴿) addressed (the people) then said: "Do you Agree?" They said: "Yes."

#### ফুটনোট

নাসায়ী ৪৭৭৮, আবৃ দাউদ ৪৫৩৪।



## তাহকীক আলবানীঃ সহীহ।

### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন